সংবাদ

তারিখ ... ৭.৫.৮৬

পৃষ্ঠা ... কলাম ...

020

# উন্নতমানের বইয়ের জন্য জাতীয় গ্রন্থকেন্দ্রের পুরস্কারের ফলাফল

'৮৩ সালে প্রকাশিত সাহিত্য ও সাধারণ গ্রন্থের উন্নতমানের মুদ্রণ সৌকর্য প্রচ্ছদের জন্য আয়োজিত পুরস্কার প্রতিযোগিতায় বয়স্কদের সাহিত্য ও সাধারণ গ্রন্থ বিভাগে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান লাভ করেছে যথাক্রমে সিসিক থেকে প্রকাশিত 'ক্রাফটস ফ্রম বাংলাদেশ' জাতীয় সাহিত্য প্রকাশনীর 'নির্বাচিত' এবং ভাষা প্রকাশনীর 'হে মহাজীবন' গ্রন্থ। পুরস্কারের মূল্যমান যথাক্রমে তিন হাজার, দুই হাজার এবং দেড় হাজার টাকা।

এই বিভাগে উন্নতমানের গ্রন্থদের জন্য প্রথম ও দ্বিতীয় পুরস্কার পেয়েছেন যথাক্রমে জনাব কাজী আহসান হাবিব ও জনাব খালিদ আহসান।

শিশু কিশোর গ্রন্থের জন্য প্রথম দ্বিতীয় ও তৃতীয় স্থান লাভ করেছে যথাক্রমে শিশু একাডেমীর জ্ঞানের কথা (১ম খণ্ড) বাংলা একাডেমীর ছোটদের অভিধান এবং গ্লোব লাইব্রেরী প্রাইভেট লিমিটেড প্রকাশিত 'পায়ে নূপুর' গ্রন্থ।

এই বিভাগে প্রচ্ছদের জন্য প্রথম পুরস্কার পেয়েছেন জনাব রফিকুন নবী এবং দ্বিতীয় পুরস্কার পেয়েছেন জনাব হাশেম খান।

গত ২৯শে এপ্রিল প্রফেসর সৈয়দ আলী আহসানের সভাপতিত্বে অনুষ্ঠিত ৬ সদস্যের একটি বিচারক মণ্ডলী এই পুরস্কারের ফলাফল ঘোষণা করেন। খবর প্রেস বিজ্ঞপ্তির।